



মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।



নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র : মাভাবিপ্রবি/রেজি./সংস্থাপন শাখা-১/এ-১২ (পার্ট-১)/২০২০/ ৬৬৬

তারিখ : ১৩ ফাল্গুন ১৪২৬
২৬ ফেব্রুয়ারী ২০২০

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শরীরচর্চা শিক্ষা বিভাগে ০১(এক)টি অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিষ্ট পদ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

বয়স ও বেতনস্কেল (জা.বে.স্কেল-২০১৫)	নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
বয়স সর্বোচ্চ ৩০ বছর টাকা ৯৩০০-২২৪৯০ (১৬তম গ্রেড)	ক) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ২.৫০ অথবা দ্বিতীয় বিভাগ থাকতে হবে। খ) যে কোন বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতক (সম্মান) পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ২.৫০ অথবা দ্বিতীয় বিভাগ থাকতে হবে। গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্ম অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। ঘ) প্রার্থীকে কম্পিউটার টাইপিং-এ বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ৩০ শব্দ এবং ইরেজিতে ন্যূনতম ৪০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।

- উপরোক্ত পদটির আবেদনপত্রের নির্ধারিত ফরম ব্যক্তিগতভাবে অথবা www.mbstu.ac.bd ওয়েবসাইট থেকে অথবা ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিটসহ নিজ ঠিকানাসম্বলিত খাম পাঠিয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হতে অফিস চলাকালীন সময়ে ২২/০৩/২০২০ তারিখের মধ্যে সংগ্রহ করা যাবে।
- “ভাইস-চ্যান্সেলর, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২”-এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার ওপর আবেদনপত্রের ফি বাবদ সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা হতে উক্ত পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ (অফেরতযোগ্য) প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩(তিন) কপি ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতার সনদ, চারিত্রিক সনদ এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্তপূর্বক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- উল্লিখিত ২২/০৩/২০২০ তারিখের মধ্যে ০৭(সাত) সেট দরখাস্ত রেজিস্ট্রার বরাবর অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে। বিলম্বে প্রাপ্ত বা অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে। যে কোনো দরখাস্ত গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। সরকারি/আধা-সরকারি/পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে এবং এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য।
- আবেদন পত্রের সংশ্লিষ্ট কলামে টেলিফোন নম্বর/মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।


(ড. মোহাম্মদ তোহিদুল ইসলাম)
রেজিস্ট্রার
মাভাবিপ্রবি।
২৬/০২/২০২০